# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 20-10-2025** **Time: 1.40 P.M**

চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় আজ আলোর উৎসব দীপাবলী উদযাপিত হচ্ছে। বিভিন্ন মন্দিরের পাশাপাশি মন্ডপে মন্ডপে আয়োজন করা হয়েছে দীপান্বিতা শ্যামাপূজার।

(গান)

দীপাবলি উপলক্ষ্যে আলোকমালায় সেজে উঠেছে গোটা রাজ্য। ঠাকুর শ্রীরামকৃষ্ণ-এর স্মৃতি বিজড়িত **দক্ষিণেশ্বর** ভবতারিণী মায়ের মন্দির, আদ্যাপীঠ, তারাপীঠ, হাওড়ার সিদ্ধেশ্বরী মা, নৈহাটির বড়মা, উত্তর ২৪ পরগনার হালিশহরে সাধক রামপ্রসাদ, নদীয়ার নবদ্বীপে আগমবাগিস, পূর্ব বর্ধমানের সাধাক কমলাকান্তের বাড়িতে আয়োজন করা হয়েছে কালীপুজোর।

কালীঘাট মায়ের মন্দিরে চলছে লক্ষ্মীর আরাধনা।

অন্যান্য বারের মতো এবারও কলকাতা, বারাসত, দমদম, মধ্যমগ্রাম, নৈহাটি, কোন্নগর বারুইপুর সহ রাজ্যের বিভিন্ন স্থানে কালীপুজোর মন্ডপে নজর কাড়া থিম বৈচিত্র্য চোখে পড়ছে।

সুপ্রীম কোর্ট, কলকাতা হাইকোর্ট ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশ মেনে নিষিদ্ধ **শব্দবাজি** যাতে কোনভাবেই পোড়ানো না হয়, রাজ্য সরকার সব জেলা প্রশাসনকে তা' সুনিশ্চিত করতে বলেছে।

কালীপুজো ও দীপাবলিতে আজ রাত ৮ টা থেকে ১০টা পর্যন্ত শুধুমাত্র পরিবেশ-বান্ধব সবুজ বাজি পোড়ানো যাবে বলে জানিয়েছে কলকাতা পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কালীপুজো উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন, রাজ্যপাল সিভি আনন্দ বোস, এক বার্তায় তিনি পরিবেশ বান্ধব পদ্ধতিতে দীপাবলি পালনের পাশাপাশি স্বদেশী পণ্য ব্যবহারে অঙ্গীকারবদ্ধ হওয়ার আহ্বান জানান।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তার শুভেচ্ছা বার্তায় বলেছেন, আলোর এই উৎসব প্রত্যেকের জীবনে আনন্দ, সুখ ও শান্তি বহণ করে নিয়ে আসবে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, প্রার্থনা করেছেন, শ্যামমায়ের করুণার আলোয়ে সব অন্ধকার দূর হোক।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ জানিয়েছে ,কোন কোন রাসায়নিক দিয়ে সবুজ বাজি তৈরি হবে তা নির্ধারণ করে জাতীয় পরিবেশ গবেষণা সংস্থা বা নিরি। কোনো বাজি সবুজ কিনা তা পরীক্ষা করে পেট্রোলিয়াম এক্সক্লুসিভ সেফটি অর্গানাইজেশন বা পেসো। এই কাজগুলি করার কোন পরিকাঠামো পর্ষদের নেই বলেও তাঁরা দাবি করেছেন। এদিকে কালীপুজোর আগের রাত থেকেই শহরে শব্দবাজি শোনা গেছে। পুলিশ জানিয়েছে, ধড়পাকড় এবং বহু নিষিদ্ধ বাজি ইতিমধ্যেই বাজেয়াপ্ত করা হয়েছে। পরিবেশ কর্মীরাও সারা রাজ্য জুড়ে বাজি ব্যবহারের বিরুদ্ধে জনগণের কাছে আবেদন রাখছেন।

একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট - অভিজিত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কালীপুজো উপলক্ষ্যে যাত্রীদের সুবিধার্থে **পূর্ব রেলের** শিয়ালদা ডিভিশন আজ, আগামীকাল ও বুধবার রাতে শহরতলীর বিভিন্ন শাখায় বিশেষ ট্রেন পরিষেবা দেবে। যেসব শাখায় রাত্রিকালীন এই বিশেষ পরিষেবা দেওয়া হবে সেগুলি হল শিয়ালদা-ডানকুনি, শিয়ালদা-বারাসাত, বনগাঁ-বারাসাত, শিয়ালদা-রানাঘাট এবং শিয়ালদা-বারুইপুর।

দর্শনার্থীদের সুবিধার্থে কলকাতা **মেট্রো রেল** আজ কালীপুজোর দিন রাতে ব্লু-লাইন সেকশনে আপ ও ডাউন অভিমুখে বর্ধিত বিশেষ পরিষেবা দেবে। এই দিন ব্লু-লাইনে দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদিরামের শেষ পরিষেবা রাত ৯ টা ২৮ মিনিটের পরিবর্তে রাত দশটা ৫১ মিনিটে এবং শহীদ ক্ষুদিরাম থেকে দক্ষিণেশ্বরের শেষ পরিষেবা রাত ৯ টা ৩৩ মিনিটের পরিবর্তে রাত ১১ টায় পাওয়া যাবে। তবে ওই দিন ব্লু-লাইনে মোট ২৭২ টি পরিষেবার পরিবর্তে সব মিলিয়ে ৭২ টি আপ ও ৭২টি ডাউন সহ মোট ১৪৪ টি পরিষেবা দেওয়া হবে।

oooooooooooooooooooooo

কালীপুজোর পাশাপাশি আজ সন্ধ্যায় বাংলার বহু পরিবারে লক্ষ্মী-অলক্ষ্মী পুজোর আয়োজন করা হয়েছে। অলক্ষ্মীকে বিদায় দিয়ে সমৃদ্ধির দেবী লক্ষ্মীর আবাহন হয় এই দিনে।

এছাড়াও এদিন থেকেই দক্ষিণবঙ্গের কুড়মি-মাহাতোদের অন্যতম জনপ্রিয় বাধনা উৎসবের সূচনা হয়েছে। কৃষিভিত্তিক সমাজের এই লোকউৎসবে আজ থেকে গো-বাধনা, গরু খুটা এবং জামাই বাধনার প্রস্তুতি শুরু হয়েছে। উঠোন ও বাড়ির দেওয়ালে খড়িমাটির টানে সমাজের বিভিন্ন দিক তুলে ধরা হয়েছে।

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার বিধাননগর পৌর নিগমের প্রাক্তন কাউন্সিলার আই এন টি টি ইউ সি-র বিধানগরের সভাপতি নির্মল দত্তের ওপর আক্রমণের চেষ্টায় আজ চাঞ্চল্য ছড়িয়েছে। সকালে নিজের ওয়ার্ড অফিসে তালা খোলার সময় এক দুষ্কৃতি পিছন থেকে এসে হঠাৎ-ই তাকে লক্ষ্য করে গুলি চালানোর চেষ্টা করে। বুঝতে পেরে তাকে ধরে ফেললে শুরু হয় ধস্তাধস্তি। ওই যুবক বন্দুকের বাঁট দিয়ে নির্মলের মাথায় আঘাত করে বলে অভিযোগ। রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়েন তিনি। স্থানীয়রা ছুটে আসলে দুষ্কৃতি পালিয়ে যায়। নির্মলকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে, তার অবস্থা স্থিতিশীল। পুলিশ দুষ্কৃতির সন্ধানে তল্লাশি চালাচ্ছে।

oooooooooooooooooooooo

দক্ষিণ আন্দামান সাগর ও সংলগ্ন দক্ষিণ পূর্ব বঙ্গোপসাগরের উপর একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। আগামী ২৪ ঘন্টায় এটি নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে । নিম্নচাপটি ক্রমশ পশ্চিম উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হবে। তবে কলকাতায় আকাশ কিছুটা মেঘলা থাকলেও আগামী তিন দিন দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শুষ্ক আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন ।

সকালের দিকে যে শীত অনুভব হচ্ছিল, তা কেটে গিয়ে রাজ্যের সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা আবার ঊর্ধ্বমুখী হতে শুরু করেছে। আজ পুরুলিয়ায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২২ ডিগ্রি সেলসিয়াস যার স্বাভাবিকের থেকে একটু বেশি। এদিকে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের ১ দশমিক আট ডিগ্রী বেশী।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo